জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪।

সূত্র- জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/১৬(৪৬৬)/২০০৩/ ১৩৩৭

তারিখঃ ১২/০১/২০১২

২০১২ শিক্ষাবর্ষে মাস্টার ইন ব্যাংক ম্যানেজমেন্ট (এমবিএম) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি
অনলাইনে আবেদন করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত (২০১২ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়ন থাকা সাপেক্ষে) কলেজ/ইনস্টিটিউটসমূহে মাস্টার ইন ব্যাংক ম্যানেজমেন্ট কোর্সে ২০১২ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলোঃ

১। ভর্তির যোগ্যতাঃ

(ক) বাংলাদেশ ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর (কৃষি ও প্রকৌশলী বিভাগসহ) সম্মানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীগণ এমবিএম কোর্সে ভর্তি হতে পারবেন।

(খ) এস.এস.সি/ সমমান থেকে স্নাতক পর্যন্ত যে কোন ১টি প্রথম বিভাগ/শ্রেণী এবং ২টি ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে (কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়)।

(গ) মাদ্রাসা বোর্ডের অধীন ফাযিল বা কামিল পাসকৃত এবং ফাজিল স্নাতক (বিশেষ) ডিগ্রীধারী কোন ছাত্র-ছাত্রী এম. বি.এম কোর্সে ভর্তি হতে পারবেন না।

২। আবেদনের নিয়মঃ

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (prof.nu.edu.bd) হতে আবেদন ফরম(আগামী ১৮/০১/২০১২ তারিখ হতে আবেদন ফরম পাওয়া যাবে)ডাইনলোড করে ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হাতে পূরণ করবে। পূরণকৃত আবেদন ফরম,নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/ প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখ অনুযায়ী জমা দিয়ে ভর্তি হবে।

(খ) কলেজ কর্তৃপক্ষের করণীয়ঃ শিক্ষার্থীদের পূরণকৃত ফরমের তথ্য নিয়ে কলেজকর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে User ID (কলেজ কোড) এবং password ব্যবহার (password বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত) করে অনলাইনে (prof.nu.edu.bd) ফরম পূরণ করবে। অনলাইনে পূরণকৃত ছাত্র/ছাত্রী ভর্তি বিবরণী থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দফতরে জমা দিবে। password কোন অবস্থাতেই অন্য কাউকে অবগত করা যাবে না। নির্ধারিত তারিখের পর অনলাইনে ফরম পূরণ বা ফরম সংশোধনের সুযোগ থাকবে না।

অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবেঃ

ক) এস.এস.সি/সমমান হতে স্নাতক/সমমান/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
খ) অনলাইন আবেদনের প্রিন্টকপির ছবির উপরে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের স্বাক্ষর-সীল থাকতে হবে;
গ)জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;
ঘ) স্নাতক/সমমান, মাস্টার্স পরীক্ষায় পাস সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র;
ঙ)বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;
চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

বিঃদ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট ছাত্র/ছাত্রীদেরকে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

৩। ফিসের বিবরণ ঃ

ক) আবেদন ফি	ঃ ১০০/- (একশত) টাকা
খ) রেজিস্ট্রেশন ফি	ঃ ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা
গ) বিলম্ব ফি-সহ রেজিস্ট্রেশন ফি	ঃ ৮০০/- (আটশত) টাকা

৪। ভর্তি ও রেজিস্ট্রেশনের সময়সীমাঃ

ক) অনলাইন ভর্তির ফরম প্রাপ্তির তারিখঃ--১৮/০১/২০১২
খ) কলেজে বিলম্ব ফি ব্যতীত ভর্তির শেষ তারিখঃ------------------------------------ ৩০/০১/২০১২
গ) কলেজ কর্তৃক ব্যাংক ড্রাফট করার শেষ তারিখঃ--------------------------------- ৩১/০১/২০১২
ঘ) ০৩ (তিন) কপি ভর্তি বিবরণীসহ ব্যাংক ড্রাফ্ট, অনলাইন প্রিন্টকপি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখঃ --------------- ০২/০২/২০১২
ঙ) কলেজে বিলম্ব ফি-সহ ভর্তির শেষ তারিখঃ--------------------------------------- ১৫/০২/২০১২
চ) কলেজ কর্তৃক বিলম্ব ফি-সহ ব্যাংক ড্রাফট করার শেষ তারিখঃ-------------------- ১৬/০২/২০১২
ছ) বিলম্ব ফি-সহ ০৩ (তিন) কপি ভর্তি বিবরণীসহ ব্যাংক ড্রাফট, অনলাইন প্রিন্টকপি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখঃ -----------------১৭/০২/২০১২
জ) ক্লাশ শুরুর তারিখঃ --- ২০/০২/২০১২

(উল্লেখ্য যে, এমবিএম কোর্সে নিয়মিত ক্লাস করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে ক্লাশ কমপক্ষে৭৫% উপস্থিতি থাকতে হবে)

বি.দ্র. ঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিবরণীতে উল্লিখিত শিক্ষার্থীর অতিরিক্ত ফি জমা দিলে তা ফেরত বা সমন্বয় করা হবে না। বিলম্বে ভর্তির বিশেষ অনুমতির জন্য কোন প্রকার আবেদন বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। রেজিস্ট্রেশনের মেয়াদঃ
এমবিএম কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ বিরতিহীনভাবে ০৪(চার) শিক্ষাবর্ষ। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।
৬। পাঠ্যক্রম ও পাঠ্যসূচীঃ এমবিএম কোর্সের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

৭। ভর্তি ফান্ডঃ

শিক্ষার্থী প্রতি আবেদন ফি বাবদ নির্ধারিত ১০০/- (একশত) টাকার মধ্যে জনপ্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে সংশ্লিষ্ট কলেজের ভর্তি ব্যয় মিটানোর জন্য এবং অবশিষ্ট ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জাতীয় বিশ্ববিদ্যালয় "ভর্তি ফান্ড" শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা বরাবর ব্যাংক ড্রাফট করতে হবে। ভর্তি ফান্ডের ডিডি/পে-অর্ডার দেয়ার জন্য অধ্যক্ষ কর্তৃক ডীন বরাবর পত্র প্রেরণ করতে হবে। পত্রে সংশ্লিষ্ট শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব বিভাগ থেকে চালান নম্বর নিয়ে ব্যাংকে জমা দিতে হবে। জমার রশিদের ১টি অংশ অ্যাকাডেমিক (প্রফেশনাল)শাখায় জমা দিতে হবে।

৮। কলেজ কর্তৃপক্ষের জ্ঞাতার্থেঃ

ক) কোন অবস্থাতেই আসন সংখ্যার অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। যদি অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা হয় তাহলে তাদের রেজিস্ট্রেশন প্রদান করা হবে না;

৯। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে পরীক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪
ফোনঃ ৯২৯১০৭৪